দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 31 MAY 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

ফেসবুকে লাইক

# শেরপুরে শিক্ষক সাসপেন্ড

**স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস ॥** শেরপুর উপজেলায় ধর্ম নিয়ে আপত্তিকর লেখায় ফেসবুক আইডিতে লাইক দেয়ার অভিযোগে বিপ্লব কুমার রায় নামে এক শিক্ষককে সোমবার সাময়িক বরখাস্ত করেছে স্কুল ম্যানেজিং কমিটি। উত্তেজনাকর পরিস্থিতি সামাল দিতে ওই শিক্ষককে সাময়িক বরখাস্ত করে এ ব্যাপারে ৩ সদস্যর তদন্ত কমিটি গঠন করা হয়েছে বলে স্কুল কর্তৃপক্ষ জানিয়েছেন। ঘটনার পর উপজেলা নির্বাহী কর্মকর্তা, শিক্ষা অফিসার ও পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, উপজেলার সুঘাট ইউনিয়নের কল্যাণী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক (গণিত) বিপ্লব কুমারের বিরুদ্ধে ধর্ম নিয়ে আপত্তিকর লেখায় লাইক দিয়ে ধর্ম অবমাননার অভিযোগ ওঠে। যে আইডি'র মাধ্যমে লেখাটিতে লাইক দেয়া হয়েছে, সেটি কৃষ্ণ কুমার নামে এ্যাকাউন্ট ওপেন করা। অন্য একটি লিংকের মাধ্যমে লেখাটি কৃষ্ণ কুমারের আইডিতে আসে। স্থানীয় লোকজনের অভিযোগ কৃষ্ণ কুমার নামে আইডিটি শিক্ষক বিপ্লব কুমারের। আর লেখাটিতে তিনি লাইক দিয়েছেন। এ নিয়ে রবিবার বিকেলে ওই শিক্ষকের বিরুদ্ধে ধর্ম অবমাননার অভিযোগ উঠলে এলাকায় উত্তেজনা সৃষ্টি হয়। সোমবার সকালে শিক্ষক বিপ্লব কুমারের বিচারের দাবিতে এলাকার লোকজন স্কুলে যায় বলে প্রধান শিক্ষক সুদেব পাল জানান। এর প্রেক্ষিতে স্কুলের ক্লাস ছুটি দিয়ে তাৎক্ষণিক ম্যানেজিং কমিটির সভা আহ্বান করা হয়। ম্যানেজিং কমিটি শিক্ষক বিপ্লব কুমারকে সাময়িক বরখাস্ত ও এ ব্যাপারে ৩ সদস্যর তদন্ত কমিটি গঠন করে। তদন্ত কমিটিকে ৭ কার্য দিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য বলা হয়।